


পল্লী সমাজতত্ত্ব ও জনমিতি বিভাগ

ভূমিকা

পল্লী সমাজতত্ত্ব ও জনমিতি বিভাগ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) - এর একটি অন্যতম বিভাগ হিসেবে পল্লীর জনগণ এবং পল্লী সমাজ ও প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠালগ্ন হতে কাজ করে যাচ্ছে। প্রতিষ্ঠালগ্নে এ বিভাগের নাম ছিল পল্লী সমাজতত্ত্ব ও সামাজিক মনোবিজ্ঞান বিভাগ যার অধীনে তিনটি ডিসিপ্লিন ছিল- পল্লী সমাজতত্ত্ব, সামাজিক মনোবিজ্ঞান এবং উন্নয়ন যোগাযোগ। ১৯৮৪-৮৫ সালে উন্নয়ন যোগাযোগকে এ বিভাগ হতে আলাদা করে প্রশাসন বিভাগের অধীনে নিয়ে যাওয়া হয়। পল্লী সমাজতত্ত্বের সাথে জনমিতির গভীর সম্পর্কের কথা বিবেচনা করে এ বিভাগের নাম পরিবর্তন করে পল্লী সমাজতত্ত্ব ও জনমিতি বিভাগ রাখা হয়।

পল্লী সমাজতত্ত্ব ও জনমিতি- এ দু'টি ডিসিপ্লিনের সমন্বয়ে এ বিভাগ গঠিত। প্রতিটি ডিসিপ্লিনে একজন করে যুগ্ম পরিচালক, উপপরিচালক এবং সহকারী পরিচালক রয়েছে। বিভাগীয় প্রধান হিসেবে একজন পরিচালক দায়িত্ব পালন করেন। ফলে এ বিভাগে সাতজন অনুষদ সদস্য রয়েছেন। এছাড়া সহায়তাকারী হিসেবে একজন ব্যক্তিগত সহকারী ও একজন পিয়ন রয়েছেন।

বিভাগের জনবল কাঠামো



অনুষদ পর্যায়ের কর্মকর্তাগণের কর্ম তালিকা

পরিচালক

- সংশ্লিষ্ট একাডেমিক বিভাগের প্রশাসনিক কার্যাদি সম্পাদন করা;

- ভিগীয় সদস্যদের পেশাগত উৎকর্ষ সাধনে পরামর্শ প্রদান করা;
- বিভাগীয় সদস্যদের কাজের তত্ত্বাবধান ও সমন্বয় সাধন করা;
- বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার উদ্যোগ গ্রহণ করা ও বিভাগীয় সদস্যগণকে এ সকল কাজে সম্পৃক্ত করা;
- বিভাগ সংশ্লিষ্ট একাডেমিক বিভিন্ন বিষয়ে কলোকিয়াম, সেমিনার, কর্মশালা আয়োজন করা;
- নিজস্ব একাডেমিক ডিসিপ্লিনে প্রশিক্ষক ও গবেষক হিসাবে দায়িত্ব পালন;
- বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে অন্যান্য সংস্থাকে বিশেষজ্ঞ সহায়তা প্রদান;
- বিভাগের বিভিন্ন কাজের সাথে সংশ্লিষ্ট দেশী-বিদেশী বিশেষজ্ঞ ও সংস্থার সংযোগ সৃষ্টি করা;
- মহাপরিচালক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

যুগ্ম-পরিচালক

- ডিসিপ্লিন প্রধান হিসাবে সংশ্লিষ্ট ডিসিপ্লিনের অনুষদ সদস্যগণকে একাডেমিক গাইডেন্স প্রদান করা;
- বিভাগীয় প্রশাসনিক কাজে পরিচালককে সহায়তা প্রদান করা;
- নিজস্ব ডিসিপ্লিনে প্রশিক্ষক, গবেষক ও প্রায়োগিক গবেষক হিসেবে দায়িত্ব পালন করা;
- নিজস্ব ডিসিপ্লিনে এবং প্রশিক্ষণ বিভাগ কর্তৃক নির্দেশিত প্রশিক্ষণ কোর্স, কর্মশালা, সেমিনার ও কলোকিয়াম সংগঠন করা;
- নিজস্ব ডিসিপ্লিনে কলোকিয়াম, সেমিনার, কর্মশালার উদ্যোগ গ্রহণ করা;
- দেশী-বিদেশী প্রতিষ্ঠান, প্রফেশনাল ফোরাম, প্রশিক্ষক, গবেষক ও পেশাজীবীদের সাথে ডিসিপ্লিন ও পেশাগত উন্নয়নের স্বার্থে যোগাযোগ সৃষ্টি ও অব্যাহত রাখা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট তথ্যাদি হালনাগাদ রাখা এবং পুস্তক, জার্নাল ও অন্যান্য রিডিং ম্যাটেরিয়াল সংগ্রহে বার্ড গ্রন্থাগারকে সহায়তা প্রদান;
- বার্ড প্রশাসন ও বিভাগীয় পরিচালক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

উপ-পরিচালক

- ডিসিপ্লিন প্রধানের তত্ত্বাবধানে একাডেমিক ও অন্যান্য প্রাতিষ্ঠানিক কার্যক্রমে নিয়োজিত থাকা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করা ও গবেষণা পরিচালনা করা;
- প্রায়োগিক গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সম্পৃক্ত হওয়া;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার ডিজাইন ও সংগঠন করা;

- একাডেমী কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, অবহিতকরণ কর্মসূচি, কর্মশালা ও সেমিনার সংগঠন করা;
- গ্রামের আর্থ-সামাজিক অবস্থা এবং গ্রামীণ সমাজের পরিবর্তন সম্পর্কে নিজেস্ব হালনাগাদ রাখার জন্য নিয়মিত গ্রাম সফর করা;
- বিভাগীয় প্রধান ও বার্ড প্রশাসন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা;

সহকারী পরিচালক

- ডিসিপ্লিন প্রধানের তত্ত্বাবধানে একাডেমিক ও অন্যান্য প্রতিষ্ঠানিক কার্যক্রমে নিয়োজিত থাকা;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করা ও গবেষণা পরিচালনা করা;
- প্রায়োগিক গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সম্পৃক্ত হওয়া;
- ডিসিপ্লিন সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার ডিজাইন ও সংগঠন করা;
- একাডেমী কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, অবহিতকরণ কর্মসূচি, কর্মশালা ও সেমিনার সংগঠন করা;
- গ্রামের আর্থ-সামাজিক অবস্থা এবং গ্রামীণ সমাজের পরিবর্তন সম্পর্কে নিজেস্ব হালনাগাদ রাখার জন্য নিয়মিত গ্রাম সফর করা;
- বিভাগীয় প্রধান ও বার্ড প্রশাসন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা;